

# সফটওয়্যারের কারুকাজ

## ভার্চুয়াল ডেস্কটপের জন্য উইন্ডোজ কিবোর্ড শর্টকাট

সম্প্রতি মাইক্রোসফট তার নতুন অপারেটিং সিস্টেম উইন্ডোজ ১০-এ আনুষ্ঠানিকভাবে ভার্চুয়াল ডেস্কটপে সম্পৃক্ত করে দীর্ঘ সময় ধরে লিনআক্স এবং ম্যাকে ব্যবহার হওয়া ফিচার। এ অপরিহার্য ফিচার আপনাকে বাড়তি ডেস্কটপ তৈরি করার সুযোগ করে দেবে, যাতে মাল্টিপল অ্যাপ উইন্ডো আরও ভালোভাবে ম্যানেজ করা যায়।

ভার্চুয়াল ডেস্কটপ তৈরি বা বন্ধ করার জন্য Winkey + Ctrl + D, বা Winkey + Ctrl + F4  
ভার্চুয়াল ডেস্কটপ জুড়ে টোগাল করার জন্য Winkey + Ctrl + Left Arrow, or Winkey + Ctrl + Right Arrow

সব ভার্চুয়াল ডেস্কটপের ওভারভিউ করার জন্য Task View প্রদর্শন করে Winkey + Tab। আপনি অ্যারো কী ব্যবহার করতে পারেন ডেস্কটপ জুড়ে টোগাল করার জন্য, যদি এ মোডে থাকা অবস্থায় Tab কী চাপেন। একটি সিলেক্ট করা ডেস্কটপে জাম্প করার জন্য Enter চাপতে পারেন।

## ব্রাউজারের জন্য কিবোর্ড শর্টকাট

কমপিউটার ব্যবহারকারীরা কমবেশি সবাই ব্রাউজার ব্যবহার করে থাকেন গতানুগতিকভাবে। ব্যবহারকারীরা ব্রাউজার নেভিগেশনের পুরো সুবিধা পেতে পারেন কী শর্টকাট ভালোভাবে রপ্ত করে। নিচে উল্লিখিত ব্রাউজার শর্টকাটগুলো ইন্টারনেট এক্সপ্লোরার, মাইক্রোসফট এজ, মজিলা ফায়ারফক্স এবং গুগল ক্রোমের প্রায় সব ভার্সনে কাজ করে।

Alt+D কার্সরকে ব্রাউজার অ্যাড্রেস বারে রাখে।

Ctrl+W বা Ctrl+T একটি নতুন ব্রাউজার ট্যাব বন্ধ করে অথবা ওপেন করে।

Ctrl+Shift+T আপনার বন্ধ করা সবশেষ ট্যাব আবার ওপেন করে। এ কিবোর্ড শর্টকাটটি সহায়ক ভূমিকা রাখতে পারবে, যদি আপনি তাৎক্ষণিকভাবে Ctrl+W চাপতে পারেন।

Ctrl + Plus sign বা Ctrl + Minus sign একটি ওয়েব পেজে জুম ইন এবং আউট হয়। জুম লেভেলকে রিসেট করে Ctrl + 0 দিয়ে।

Ctrl + Tab বা Ctrl + Shift + Tab বাম থেকে ডান দিকে অথবা ডান থেকে বাম দিকে পরবর্তী ব্রাউজার ট্যাবে টোগাল করা।

Alt + Right Arrow, or Alt + Left Arrow সম্প্রতি ভিজিট করা ওয়েবসাইট জুড়ে সামনে বা পেছনে ব্রাউজ করা। এ শর্টকাটটি পারফরম করে একই ধরনের ফাংশন, যেমনটি ব্রাউজারের Forward এবং Back বাটন কাজ করে থাকে।

পলাশ  
মিরপর, ঢাকা

## রিস্টার্ট শিডিউল করা

যদি আপডেট অমীমাংসিত থেকে যায়, তাহলে দরকার হবে পিসি রিবুট করা। উইন্ডোজ ১০ অনুমোদন করে সুনির্দিষ্ট সময়ে আপডেটের জন্য শিডিউল করা।

স্টার্ট মেনুর Settings অপশন ওপেন করে Updates and Recovery > Windows Update-এ মনোনিবেশ করুন। যদি আপনার আপডেট পেন্ডিং তথা অমীমাংসিত থেকে গেলে বাম দিকে স্ক্রিনে দেখতে পারবেন, যা আপনাকে Select a restart time রেডিও বাটন সিলেক্ট করার পর রিবুট করার জন্য শিডিউল করার সুযোগ দেবে। আপনি ইচ্ছে করলে Advanced options এবং লিঙ্কের গভীরে ঢুকে উইন্ডোজকে নোটিফাই করতে পারেন যখনই আপডেট প্রস্তুত হবে শিডিউল রিবুটের জন্য।

## ব্যাশ এনাবল করা

ব্যাশ (Bourne Again Shell)-এর ফ্রি ভার্সন ডিস্ট্রিবিউট হয় লিনআক্স এবং জিএনইউ অপারেটিং সিস্টেমের সাথে। ব্যাশ ফিচারের সাথে সমন্বিত রয়েছে কমান্ড লাইন এডিটিংয়ের মতো সুবিধা।

ব্যাশ ফিচারকে এনাবল করার জন্য আপনার দরকার ৬৪ বিট উইন্ডোজ ১০ এইউ বিল্ট ব্যবহার করা। এ জন্য মনোনিবেশ করুন Settings > Update & Security > For Developers-এ এবং Developer Mode এনাবল করুন। এ কাজটি সম্পন্ন হওয়ার পর নেভিগেট করুন Control Panel > Programs > Turn Windows Features On or Off-এ এবং Windows Subsystem for Linux (Beta) অপশন সক্রিয় করে Ok-তে ক্লিক করুন। এর ফলে পিসিকে রিস্টার্ট করার জন্য প্রস্তুত করবে। এ কাজ সম্পন্ন করার পর টাস্কবার সার্চ মেনুতে Bash সার্চ করুন ডেভেলপমেন্ট ইঞ্জিন চালু করার জন্য।

## ফাইল এক্সপ্লোরারে কুইক অ্যাক্সেস ভিউ বন্ধ করা

যখন উইন্ডোজ ১০-এ ফাইল এক্সপ্লোরার ওপেন করা হয়, তখন এর ডিফল্ট হয় একটি নতুন কুইক অ্যাক্সেস ভিউ, যা প্রদর্শন করে খুব বেশি নিয়মিতভাবে অ্যাক্সেস করা ফোল্ডার এবং সম্প্রতি ভিউ করা ফাইল। অনেকেই এটি পছন্দ করেন। অন্যথায় ফাইল এক্সপ্লোরার ডিফল্ট হবে This PC, যা উইন্ডোজ ৮-এ দেখা যায়।

ফাইল এক্সপ্লোরার ওপেন করে রিবন থেকে View > Options সিলেক্ট করুন। এর ফলে Folder Options উইন্ডো ওপেন হবে। এবার উপরের ড্রপডাউন মেনু Open File Explorer-এ ক্লিক করে This PC অপশন সিলেক্ট করুন। এরপর Ok-তে ক্লিক করলে আপনার কাজ শেষ হবে।

সাজ্জাদ হোসেন  
দক্ষিণ মুগদা, ঢাকা

## একটি অ্যাপের ভিডিও রেকর্ড করা

উইন্ডোজ ১০-এ সম্পৃক্ত হওয়া নতুন Game DVR ফাংশন ব্যবহার হয় সম্ভবত একটি গেমের সবচেয়ে আকর্ষণীয় মুহূর্তের ভিডিও রেকর্ড করার জন্য। এ ফিচার আপনাকে সুযোগ দেবে যেকোনো ওপেন অ্যাপের অথবা ডেস্কটপ সফটওয়্যার ভিডিও তৈরি করার (যদিও ওএস লেভেল এরিয়া এক্সপ্লোরার বা ডেস্কটপের মতো)।

এ ফিচারকে তলব করার জন্য Windows key + G চাপুন। এর ফলে আপনি Game bar ওপেন করবেন কি না সে জন্য প্রস্তুত করবে। এবার Yes, this is a game box-এ ক্লিক করলে একটি ফ্লটিং বারে বিভিন্ন অপশন আবির্ভূত হবে। এবার সার্কুলার Record বাটনে ক্লিক করুন ভিডিও ক্যাপচার করার জন্য। আপনার সেভ করা ভিডিও এক্সপ্লোরার অ্যাপের Game DVR সেকশনে অথবা আপনার ইউজার ফোল্ডারের অন্তর্গত Video > Captures-এ খুঁজে পাবেন।

## লকআপ ও শাটডাউন করার জন্য কিবোর্ড শর্টকাট

Winkey + L চাপলে তাৎক্ষণিকভাবে আপনার পিসি লক হবে।

Ctrl + Shift + Esc চাপলে অ্যাপ মনিটর করার জন্য টাস্ক ম্যানেজার ওপেন হবে অথবা স্লেপজেন প্রোগ্রামকে জোর করে বন্ধ করবে।

Alt + F4 চাপলে একটি অ্যাক্টিভ অ্যাপ বন্ধ করবে। যখন আপনার ডেস্কটপ একেবারে পুরোভাগে থাকে, তখন এই শর্টকাট কী ব্যবহার করলে Shut Down Windows প্রস্তুত করবে।

আসিফ আহমেদ খান  
গড়পাড়া, মানিকগঞ্জ

## কারুকাজ বিভাগে লিখুন

কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিরাইট প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।

সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে- পলাশ, সাজ্জাদ হোসেন ও আসিফ আহমেদ খান।